



তথ্যবিবরণী

নম্বর- ০১৯

দরিদ্র ও অনগ্রসর জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকায় পাবনা সমাজসেবা কার্যালয়

রাজশাহী; ১৪ শ্রাবণ (২৯ জুলাই):

দেশের পিছিয়ে পড়া এবং অনগ্রসর জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন, দারিদ্র্য বিমোচন, কল্যাণ, উন্নয়ন ও ক্ষমতায়নে নিরলসভাবে কাজ করে যাচ্ছে সমাজকল্যাণ মন্ত্রণালয়। এ মন্ত্রণালয়ের অধীন পাবনা জেলা সমাজসেবা কার্যালয় বিভিন্ন কার্যক্রমের মাধ্যমে জেলার দুঃস্থ, সুবিধাবঞ্চিত, অবহেলিত, বিশেষ চাহিদাসম্পন্ন ও এতিম জনগোষ্ঠীর কল্যাণে নিয়োজিত রয়েছে। দশুরটি বিগত ১৫ বছরে ১৪ লক্ষ ৮৭ হাজার ২২ জন উপকারভোগীকে বয়স্কভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা এবং প্রতিবন্ধী ভাতা হিসেবে মোট ৭ শত ৭১ কোটি ৩৮ লক্ষ ৮০ হাজার ২০০ টাকা বিতরণ করেছে। শুধু গত অর্থবছরেই এই তিনটি কার্যক্রমে প্রতিষ্ঠানটি ৩ লক্ষ ৫০০ শত ৭৪ জন উপকারভোগীকে মোট ১ শত ৩৮ কোটির বেশি টাকা বিতরণ করেছে।

পাবনা জেলা সমাজসেবা কার্যালয় জেলার সমস্যাগ্রস্ত পশ্চাৎপদ, সুযোগ-সুবিধা বঞ্চিত ও দরিদ্র মানুষের জীবনমান উন্নয়ন তথা দারিদ্র্য বিমোচনের মাধ্যমে তাদের আর্থ-সামাজিক নিরাপত্তা নিশ্চিত করতে বিভিন্ন সামাজিক নিরাপত্তা কার্যক্রম পরিচালনা করেছে। এসব কর্মসূচির মধ্যে উল্লেখযোগ্য হচ্ছে- বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা, অসচ্ছল প্রতিবন্ধী ভাতা, অনগ্রসর জনগোষ্ঠীর বিশেষ ভাতা, হিজড়া ও বেদে জনগোষ্ঠীর জীবন মান উন্নয়নে ভাতা, প্রতিবন্ধী শিক্ষার্থীদের শিক্ষা উপবৃত্তি, অনগ্রসর শিক্ষার্থীদের শিক্ষা উপবৃত্তি। সমাজের দরিদ্র ও ঝুঁকিপূর্ণ বয়স্ক ব্যক্তি যাদের বয়স পুরুষের ক্ষেত্রে ৬৫ বছর বা তদূর্ধ্ব এবং মহিলার ক্ষেত্রে ৬২ বছর বা তদূর্ধ্ব তারা বয়স্ক ভাতা কর্মসূচির আওতায় প্রত্যেকে মাসিক ৬০০ টাকা হারে নগদ অর্থ সহায়তা পাচ্ছেন। পাবনা জেলা সমাজসেবা কার্যালয় ২০২৩-২৪ অর্থবছরে ৯০ হাজার ৮ শত জন বয়স্ক ব্যক্তিকে বয়স্কভাতা প্রদান করেছে। এর মাধ্যমে বয়োজ্যেষ্ঠ দুস্থ ও স্বল্প উপার্জনক্ষম অথবা উপার্জনে অক্ষম বয়স্ক জনগোষ্ঠীর সামাজিক নিরাপত্তা বিধান যেমন নিশ্চিত হয়েছে তেমনি পরিবার ও সমাজে তাদের মর্যাদা বৃদ্ধি পেয়েছে। উপকারভোগী নির্বাচনে স্থানীয় জনপ্রতিনিধিদের সম্পৃক্তকরণ ও ডেটাবেজ তৈরি, নারীদের অন্তর্ভুক্তি বৃদ্ধির জন্য মহিলাদের বয়স ৬৫ থেকে ৬২ বছরে নির্ধারণ এবং ইএফটি এর মাধ্যমে অনলাইনে উপকারভোগীকে অর্থ প্রেরণ- এমন সব উদ্যোগে এ কার্যক্রমের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত হয়েছে।

দরিদ্র, ঝুঁকিপূর্ণ ও অনগ্রসর নারীর সামাজিক সুরক্ষা ও তাদের ক্ষমতায়নে এ দশুর বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা কর্মসূচি নিয়ে কাজ করেছে। এ কর্মসূচির আওতায় গত অর্থবছরে ৪২ হাজার ২ শত ৪৯ জন উপকারভোগীকে মাসিক ৫ শত ৫০ টাকা হারে ২৭ কোটি ৮৮ লক্ষ টাকা ভাতা প্রদান করেছে। বিশেষ চাহিদা সম্পন্ন অসচ্ছল প্রতিবন্ধীদের জীবনধারণ মূল শ্রোতে নিয়ে আসতে এ সময়ে ৪৪ হাজার ২ শত ৬৫ জন উপকারভোগীকে মাসিক ৮ শত ৫০ টাকা হারে মোট ৪ কোটি ৫১ লক্ষ টাকা ভাতা প্রদান করেছে।

পাবনা জেলা সমাজসেবা কার্যালয়ে নিবন্ধনকৃত বেসরকারি এতিমখানায় এতিমের লালন-পালনের জন্য ক্যাপিটেশন গ্র্যান্ট প্রদান করে এ দপ্তরটি। এ কার্যক্রমের আওতায় গত অর্থবছরে ন্যূনতম ১০ জন এতিম অবস্থান করছে এমন ২৭ টি এতিমখানার ৭ শত ৪৩ জন উপকারভোগীকে মাথাপিছু দুই হাজার টাকা প্রদান করেছে। পল্লী সমাজসেবা কার্যক্রমের আওতায় দপ্তরটি ভূমিহীন, দারিদ্র্যসীমার নিচে বসবাসকারী জনগোষ্ঠীকে বিভিন্ন কর্মদলে সুসংগঠিত করে এবং সুদমুক্ত ক্ষুদ্র ঋণ প্রদান করেছে। প্রান্তিক জনগোষ্ঠী এ পুঁজি উৎপাদনমূলক এবং আয়বর্ধক

কর্মসূচিতে নিজেদের সম্পৃক্ত করে ভাগ্য উন্নয়ন করেছে। এর পাশাপাশি ক্যান্সার, কিডনী, লিভার সিরোসিস, স্ট্রোকে প্যারালাইজড, জন্মগত হৃদরোগ এবং থ্যালাসেমিয়া আক্রান্ত রোগীদের আর্থিক সহায়তা, হাসপাতাল সমাজসেবা কার্যক্রম, ভিক্ষুক পুনর্বাসন ও বিকল্প কর্মসংস্থান, পল্লী মাতৃকেন্দ্র প্রকল্প, দক্ষ ও প্রতিবন্ধী ব্যক্তিদের পুনর্বাসন প্রভৃতির মাধ্যমে জেলায় পিছিয়ে পড়া সুযোগ-সুবিধা বঞ্চিত মানুষের আর্থ-সামাজিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে।

.....  
তৌহিদ/আতিক/আরিফ/রুহুল/হালিম/২০২৪/১১:৩০ঘ.